



2020-2021

**ANNUAL
REPORT**

বার্ষিক প্রতিবেদন

২০২০-২০২১



এটলাস বাংলাদেশ লিমিটেড
ATLAS BANGLADESH LIMITED

(শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান)



Contents

	Page No.
Board of Directors	- 2-4
Corporate Directory	- 5
Notice for Annual General Meeting	- 6-7
Report of the Board of Directors	- 8-17
Certificate on corporate Governance code	- 18-28
Report of the Audit committee	- 29
Report of the Nomination & Remuneration	- 30
Declaration on Financial Statements by CEO & CFO	- 31
Independent Auditors Report	- 32-38
Statement of Financial position	- 39
Statement of profit or loss and other Comprehensive income	- 40
Statement of Changes in Equity	- 41
Statement of Cash Flows	- 42
Notes to the Financial Statements	- 43-60
Schedule of property plant and Equipment	Anx - 1(a) (b) - 61-64
Stock Position	Anx -2 - 65-66
Statement of Advance income tax & provision for Taxation	Anx - 3 - 67
Statement of Budget variance	Anx - 4 - 68
Five Years Performance at a glance	Anx - 5 - 69
Statement of ratio Analysis	- 70



Board of Directors




Md. Shahidul Hoque Bhuia, NDC
Chairman (Additional Secretary)
Bangladesh Steel & Engineering Corporation
Ministry of Industries
Govt. of the People's Republic of Bangladesh
and
ABL Company Board.



Abul Kashem
Additional Secretary (Retd.), Ministry of Industries
Independent Director ABL Company Board
&
Chairman Audit Committee.



Quazi Md. Anwarul Hakim
Joint Secretary (Retd.), Ministry of Chittagong Hill Tracts
Affairs Bangladesh Secretariat
Independent Director ABL Company Board
&
Chairman NRC Committee.



Md. Abdul Wahed
Private Secretary (Joint Secretary)
to Minister, Ministry of Industries
Govt. of the People's Republic of Bangladesh
Director, ABL Company Board &
Member of NRC and Audit Committee.



Board of Directors



Anwar Hossain
*Director, ABL Company Board &
Member of Audit Committee.*



Akhter Hossain
*Director, ABL Company Board &
Member of NRC Committee.*



Engr. Abdul Malek Morol
*Managing Director &
Director, ABL Company Board
Atlas Bangladesh Ltd.*



Sanjay Kumar Datta
*Company Secretary
Atlas Bangladesh Ltd.*



Brief Resume of Re-appointment Director's

Anwar Hossain, Director



Anwar Hossain is a director of Atlas Bangladesh Limited company board and also a member of Audit committee.

Anwar Hossain is a prominent business man. He obtained B.com honours' & M.com Degree in Marketing from the University of Dhaka.

He participated various business conference both in home and abroad. Anwar Hossain was born 31 January 1965 in a noble Muslim family in the district of Madaripur. In his personal life he is happily married and blessed with one daughter.

Akhter Hossain, Director



Akhter Hossain is a director of Atlas Bangladesh Limited company board and also a member of NRC committee.

Akhter Hossain is a prominent business man. He obtained BA honours' & MA Degree in History from the University of Dhaka.

He participated various business conference both in home and abroad. Akhter Hossain was born 02 January 1967 in a noble muslim family in the district of dhaka. In his personal life he is happily married and blessed with one daughter.



Corporate Directory

CHAIRMAN	: Md. Shahidul Hoque Bhuia
DIRECTORS	: Md. Abdul Wahed Anwar Hossain Akhter Hossain
INDEPENDENT DIRECTOR	: Md. Abul Kashem Kazi Md. Anowarul Hakim
MANAGING DIRECTOR	: Eng. Abdul Malek Morol
COMPANY SECRETARY	: Sanjay kumar Datta
CHIEF FINANCIAL OFFICER	: Md. Nazrul Islam
HEAD OF INTERNAL AUDIT	: S. M. Alauddin
AUDITORS	: Kazi Zahir Khan & Co. Chartered Accountants Shamsunnahar Complex 8 th Floor (2 nd Lift), Flat -9B, 31/C/1, Topkhana Road Segunbagicha, Dhaka-1000
COMPLIANCE AUDITORS	: Islam Quazi Shafique & Co. Chartered Accountants Al-Haj Shamsuddin Mansion 4 th Floor, Room # C, 17 New Eskaton Road, Moghbar, Dhaka-1000
TAX ADVISER	: Rahman Mostafa Alam & Co. Chartered Accountants Paramount Heights D2-65/2/1 (7 th Floor) Box Culvert Road, Purana Paltan, Dhaka-1000
BANKERS	: Sonali Bank Limited AB Bank Limited Trust Bank Limited Pubali Bank Limited National Bank Limited Brac Bank Limited
LIAISON OFFICE	: Company Affairs Division, BSEC BSEC Bhaban (2 nd Floor) 102, Kazi Nazrul Islam Avenue, Dhaka.
REGISTERED OFFICE	: DIT Plot No, 265-267, Tongi, Industrial Area, Tongi, Gazipur-1710.



এটলাস বাংলাদেশ লিমিটেড


২৬৫-২৬৭, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর-১৭১০

৩৭তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এ মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল)-এর ৩৭তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ২৩ ডিসেম্বর ২০২১ (৮ পৌষ ১৪২৮), রোজ বৃহস্পতিবার, বিকাল ০৩:৩০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্ম <https://atlasbang.virtualagmbd.com> লিংকে অনুষ্ঠিত হবেঃ-

- ১। ২৬ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত ৩৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
- ২। ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরের কোম্পানীর নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসানের হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালকমন্ডলীর বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৩। পরিচালকমন্ডলীর সুপারিশকৃত ২০২০-২০২১ অর্থবছরের জন্য নো ডিভিডেন্ড ঘোষণা।
- ৪। পর্যায়ক্রমে অবসরগ্রহণকারী পরিচালকবৃন্দের শূন্য পদে পরিচালক মনোনয়ন/নির্বাচন।
- ৫। স্বতন্ত্র পরিচালক নিয়োগ অনুমোদন।
- ৬। ২০২১-২০২২ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।
- ৭। ২০২১-২০২২ অর্থবছরের জন্য কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।
- ৮। সভাপতির অনুমতিক্রমে আইনানুগ আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে) সম্পাদন।

পর্যদের আদেশক্রমে,


(সঞ্জয় কুমার দাস)
কোম্পানি সচিব

তারিখঃ ০২-১২-২০২১

দ্রষ্টব্য :

- ১) রেকর্ড ডেট : ০১ ডিসেম্বর ২০২১
- ২) গত ১০ মার্চ ২০২১ তারিখে প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর অর্ডার নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/০৮ অনুযায়ী এবিএল এর ৩৭তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে।
- ৩) শেয়ারহোল্ডারগণ অনলাইনে এজিএম শুরু ২৪ ঘন্টা পূর্ব হতে এবং এজিএম চলাকালীন সময় তাদের যে কোন ধরনের প্রশ্ন, মন্তব্য এবং ভোট প্রদান করতে পারবেন। অনলাইন সিস্টেমে শেয়ারহোল্ডারদের পরিচিতি নিশ্চিত করার জন্য সদস্যগণ তাদের ১৬ সংখ্যার বিও/ফলিও হিসাব নম্বর প্রদান করে অনলাইন সিস্টেমে লগইন করতে হবে। অনলাইন সিস্টেমের লিংক শেয়ারহোল্ডারদের-কে ই-মেইলে পাঠানো হবে এবং এটলাস বাংলাদেশ লিমিটেডের ওয়েবসাইটে www.atlas.gov.bd -তে দেওয়া হবে।
- ৪) গ্রুপ-“বি” শেয়ারহোল্ডারদের মধ্যে পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% শেয়ারধারী আত্মহী শেয়ারহোল্ডারগণকে পরিচালক পদে নির্বাচিত/মনোনীত হওয়ার লক্ষ্যে যোগ্য ও ইচ্ছুক প্রার্থীগণকে কারখানাস্থ শেয়ার অফিসে সভা অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে অর্থাৎ ১৫-১২-২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে মনোনয়নপত্র দাখিল করতে হবে। মনোনয়ন ফরম কোম্পানির ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।
- ৫) ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএমে যোগদান করার জন্য লিংকসহ লগইন প্রক্রিয়া শেয়ারহোল্ডারদের-কে এবিএল ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
- ৬) শেয়ারহোল্ডারদের-কে সভা শুরুর (বিকাল-০৩.৩০ ঘটিকার) পূর্বেই লগইন করার জন্য আমরা উৎসাহীত করছি। কারিগরী সমস্যা সমাধানের জন্য ০১৭১৬৮৬১৪৩৯ মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি।
- ৭) সাধারণ সভায় অংশগ্রহণের জন্য অপারগ কোন সদস্য তার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। ২০ টাকার রেভিনিউ স্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম যথাযথভাবে স্বাক্ষর করে তার স্ক্যান কপি ই-মেইলের মাধ্যমে এবিএল এর শেয়ার অফিস bdabl.share@gmail.com এ এজিএম শুরুর ৪৮ ঘন্টা পূর্বেই পাঠাতে হবে।
- ৮) ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বইয়ের সফট কপি শেয়ারহোল্ডারগণের ই-মেইল ঠিকানায় পাঠানো হবে এবং এবিএল এর ওয়েব সাইট www.atlas.gov.bd -তে পাওয়া যাবে।
- ৯) সদস্যগণের ঠিকানা পরিবর্তন হলে সঠিক সময়ের মধ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিসে জানাতে হবে।

ATLAS BANGLADESH LIMITED

265-267, Tongi Industrial Area
Tongi, Gazipur.



Notice of the 37th Annual General Meeting

Thursday, 23 December 2021 at 03:30 p.m by using Digital platform through the link <https://atlasbang.virtualagmbd.com> to transact the following business:

1. To confirm the minutes of the 36th Annual General Meeting held on 26 December 2020.
2. To receive, consider and adopt the Audited Financial Statement for the year ended 30 June 2021 together with the reports of the Director's and the Auditor's thereon.
3. No Dividend as recommended by the Board of Directors for the financial year 2020-2021.
4. To elect/nominate Directors in place of those who are retiring by rotation.
5. To Approve the appointment of independent Director.
6. To appoint Auditors for the year 2021-2022 and fix their remuneration.
7. To appoint Compliance Auditors for the year 2021-2022 and fix their remuneration.
8. To transact business (if any) of the company according to law with the permission of the chair.

By order of the Board,

(Sanjay Kumar Datta)
Company Secretary

Date: 02-12-2021

N.B.:

1. The Record Date: 01 December 2021
2. Pursuant to the Bangladesh Securities and Exchange Commission's Order No. BSEC/CMRRCD/2009-193/08 Dated 10 March 2021, the AGM will be Virtual meeting of the Members, which will be conducted by using digital platform.
3. The Members will be able to submit their question/comments and vote electronically 24 hours before commencement of the AGM and during the AGM. For logging into the system, the Members need to put their 16 digit Beneficial Owner (BO) ID Number/Folio Number and other credential as proof of their identity by visiting the link given to the website of the Company i.e www.atlas.gov.bd The link also sent/be sent to the e-mail addresses of the respected shareholders.
4. The interested Shareholders having minimum 2% shares of the paidup capital of the company are eligible in contesting for the vacant post of director from Group- "B" are requested to submit their nomination papers in prescribed form at least 7 (seven) days before the commencement of the meeting i.e on or before 15-12-2021 by 11.00 a.m in the share office at the factory premises of the company at Tongi. Nomination Papers can be collected from company's website or share office during the office hours free of cost.
5. Link for joining in the AGM through Digital Platform and details login process will be notified to the respective Members by ABL website.
6. We encourage the Members to log into the system prior to the meeting start time of 03.30 PM (Dhaka Time). Please Contact 01716861439 for technical difficulties in accessing the virtual meeting.
7. Members entitled to attend and vote at the Annual General Meeting (AGM) may appoint a proxy to attend and vote on his/her stead. The proxy form duly filled, signed and stamped at BDT 20 must be sent (scan copy) through e-mail to ABL share office at bdabl.share@gmail.com at least 48 hours before commencement of the AGM.
8. Soft copy of the Annual Report 2020-2021 will be sent to the e-mail addresses of the Members. Annual Report 2020-2021 will also be available at Atlas Bangladesh Limited [website: www.atlas.gov.bd](http://www.atlas.gov.bd)
9. Change of address (if any) should be communicated to the Registered Office of the Company in due time.



এটলাস বাংলাদেশ লিমিটেড

২৬৫-২৬৭, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর-১৭১০।

ব্যবস্থাপনা পরিচালকের বার্তা

বিসমিল্লাহির রাহমানির রাহীম,
আসসালামু আলাইকুম ওয়ারহমাতুল্লাহ।
সম্মানিত শেয়ারহোল্ডার/সূধীবৃন্দ,

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশনের নিয়ন্ত্রনাধীন এটলাস বাংলাদেশ লিমিটেডের ৩৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের স্বাগত জানাচ্ছি। আপনাদের অবগতি এবং সুচিন্তিত মতামতের জন্য কোম্পানি আইন, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন/নীতিমালা অনুযায়ী পরিচালনা পর্ষদের প্রতিবেদন, বহিঃনিরীক্ষক কর্তৃক নিরীক্ষিত হিসাববিবরণী, নিরীক্ষা প্রতিবেদন, অডিট কমিটির প্রতিবেদন, এনআরসি কমিটির প্রতিবেদন এবং বিধিবদ্ধ অন্যান্য তথ্যাদি আপনাদের নিকট উপস্থাপন করা হলো।

আপনারা জানেন ২০১৩ সালে হিরো মোটরকর্প লিমিটেড এর সাথে ব্যবসায়িক সম্পর্ক ছিল হওয়ার পর থেকে এবিএল এর ব্যবসায়িক কার্যক্রম নানাবিধ প্রতিকূলতার মধ্য দিয়ে যাচ্ছে। এটলাস-জংশন ব্র্যান্ডের মোটরসাইকেল উৎপাদন ও বাজারজাত করে আশানুরূপ বাজার দখল করতে না পেরে ২৪-৫-২০১৮ তারিখ হতে “কর্পোরেট পার্টনার” হিসেবে টিভিএস অটো বাংলাদেশ লিঃ এর সাথে ব্যবসা শুরু করে প্রতিষ্ঠানটি লোকসান কাটিয়ে উঠার সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। কিন্তু চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ও সরকারের কৃচ্ছ সাধন নীতির আলোকে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালনা ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসাবে যানবাহন ক্রয় বন্ধ ছিল। উক্ত নির্দেশনার কারণে ২০২০-২০২১ অর্থবছরে এটলাস বাংলাদেশ লিমিটেডের সরকারি সেক্টরে বিক্রয় কার্যক্রম প্রায় বন্ধ হয়ে যায়। ফলে প্রতিষ্ঠানটির বিক্রয় প্রত্যাশা অনুযায়ী অর্জন করতে পারেনি। ফলে ২০২০-২০২১ অর্থবছরে করপরবর্তী (১০২২.০৮) লক্ষ টাকা নিট লোকসানের সম্মুখীন হয়েছে।

২০২০-২০২১ অর্থবছরে এবিএল এর নিট বিক্রয় হয়েছে ৯৯০.২৭ লক্ষ টাকা যা গত অর্থ বছরে ছিল ৩৪৩৫.০৬ লক্ষ টাকা বিগত বছরের তুলনায় বিক্রয় ৭১% হ্রাস পেয়েছে। অন্যদিকে কর পরবর্তী নিট লোকসান হয়েছে (১০২২.০৮) লক্ষ টাকা যা গত বছর ছিল (৪৪৫.৬২) লক্ষ টাকা অর্থাৎ নিট লোকসান ১২৯% বৃদ্ধি পেয়েছে। পূর্ববর্তী বছরের তুলনায় শেয়ার প্রতি লোকসান ১২৯% বৃদ্ধি পেয়েছে এবং শেয়ার প্রতি নিট অপারেটিং ক্যাশ আউটফ্লো ১২৫% বৃদ্ধি পেয়েছে। কিন্তু কোম্পানির সন্তোষজনক চলতি অনুপাত ২.২২:১ এবং তারল্য অনুপাত ১.৮৮:১, অন্যদিকে দীর্ঘমেয়াদী ঋণ (সরকারী ঋণ ২১.৮৪ লক্ষ টাকা ব্যতীত) না থাকায় প্রতিষ্ঠানটির যে পরিমাণ সম্পদ বিদ্যমান আছে তা দিয়ে ভবিষ্যতে লোকসান কাটিয়ে উঠে পূর্বের ন্যায় লাভ জনক প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে বলে আশা করছি।

ভবিষ্যতে এবিএল-কে লাভজনক করার জন্য বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে যার বিস্তারিত ব্যাখ্যা পরিচালক পর্ষদের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্য, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক এবং সম্মানিত ডিলারবৃন্দের ঐকান্তিক প্রচেষ্টায় এবিএল-কে লাভজনক করার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়ন করে লোকসান কাটিয়ে উঠে পূর্বের ন্যায় এবিএল এর সুনাম অক্ষুণ্ন রেখে ভবিষ্যতে শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণ করতে পারবে বলে আমি আশা করছি। এক্ষেত্রে সম্মানিত শেয়ারহোল্ডারদের সহযোগীতা একান্তভাবে কামনা করছি।

শুভেচ্ছান্তে

প্রকৌঃ আব্দুল মালেক মোড়ল
ব্যবস্থাপনা পরিচালক, এবিএল



এটলাস বাংলাদেশ লিমিটেড

২৬৫-২৬৭, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর-১৭১০।

পরিচালনা পর্ষদের বার্ষিক প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহীম।

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) পরিচালিত এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল)-এর ৩৭তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত/সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, কোম্পানি পরিচালকমণ্ডলী, প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারি-শ্রমিকবৃন্দ, মিডিয়া কর্মীবৃন্দ এবং সুধীবৃন্দ, আসসালামু আলাইকুম।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আপনারা নিশ্চই অবগত আছেন যে, বিশ্বব্যাপী নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব বাংলাদেশেও বিরাজমান হওয়ায় ব্যবসা-বাণিজ্যসহ সার্বিক কার্যক্রমে স্থবিরতার সৃষ্টি হয়েছে। এ প্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নির্দেশনার আলোকে সামাজিক নিরাপত্তার স্বার্থে লোক সমাগম পরিহার তথা করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে এবিএল-এর ৩৭তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করা হচ্ছে। এক্ষেত্রে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

আপনাদের আন্তরিক ও প্রাণবন্ত ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিতি কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দসহ আমাকে এবং প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের উৎসাহিত ও সম্মানিত করেছে। তাই প্রতিষ্ঠান ও আমার নিজের পক্ষ থেকে ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত সকলকে সাদর সম্ভাষণ জানাচ্ছি।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আপনারা জানেন যে, মার্চ ২০২০ হতে বিশ্বব্যাপী কোভিড-১৯ সংক্রমণের প্রভাবে সরকারি নির্দেশনা অনুযায়ী সময়ে সময়ে এটলাস বাংলাদেশ লিমিটেড কখনো বন্ধ বা কখনো সীমিত পরিসরে খোলা ছিল। অন্যদিকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬ সূত্র নং-০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-১)-৩৭৮ তারিখঃ ০৮/০৭/২০২০ খ্রিঃ এবং প্রজ্ঞাপন নং ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-২)-৮৩৬ তারিখঃ ০৩/১২/২০২০ খ্রিঃ অনুযায়ী গত ০৮-০৭-২০২০ তারিখ হতে ৩০-০৬-২০২১ তারিখ পর্যন্ত চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ও সরকারের কৃচ্ছ সাধন নীতির আলোকে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালনা ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসাবে যানবাহন ক্রয় বন্ধ ছিল। উক্ত নির্দেশনার কারণে ২০২০-২০২১ অর্থবছরে এটলাস বাংলাদেশ লিমিটেডের বিক্রয় কার্যক্রম প্রায় বন্ধ হয়ে যায়। তাই ২০১৯-২০২০ অর্থবছরের তুলনায় ২০২০-২০২১ অর্থবছরে এবিএল-এর লোকসানের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। তবে অর্থ মন্ত্রণালয় কর্তৃক মোটর সাইকেল ক্রয়ের উপর ৫০% নিষেধাজ্ঞা প্রত্যাহার করায় চলতি অর্থবছরে প্রতিষ্ঠানটি লোকসান কাটিয়ে উঠবে বলে আশা করা যাচ্ছে।

আপনারা জানেন যে, এটলাস বাংলাদেশ লিঃ পূর্বে এটলাস-ইপাক লিমিটেড নামে ১৯৬৬ সালে হোন্ডা মোটর কোম্পানি লিমিটেড-এর সাথে ব্যক্তিগত মালিকানায ব্যবসা শুরু করে। ১৯৭২ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর মহামান্য রাষ্ট্রপতির পিও-২৭ আদেশ বলে এবিএলকে রাষ্ট্রায়ত্ত্বকরণ করা হয় এবং বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের অধীন ন্যস্ত করা হয়। ১৯৮৮ সালে এবিএল-কে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করা হয় ও ৪৯% শেয়ার অফলোড করা হয়। প্রতিষ্ঠানটি বর্তমানে ১৯৯৪ সালের কোম্পানি আইন দ্বারা পরিচালিত হচ্ছে।

সুধীবৃন্দ,

আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, এটলাস বাংলাদেশ লিমিটেড প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশীয় বাজারে মোটরসাইকেল সংযোজন ও বিপণনে অত্যন্ত পরিচিত এবং স্বনামধন্য একটি রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান। এটলাস কর্তৃক পূর্বে ১৯৬৬ সাল হতে হোন্ডা এবং ১৯৯৩ সাল হতে হিরো হোন্ডা ব্র্যান্ডের মোটরসাইকেল সংযোজন এবং বিপণন কাজ পরিচালনা করা হতো। কিন্তু ২০১৩ সালে হোন্ডা এবং হিরো হোন্ডার সাথে ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন হওয়ার পরে প্রতিষ্ঠানটি ব্রাড সংকটে পড়ে। পরবর্তী ব্রাড সংকট কাটিয়ে পুনরায় মোটরসাইকেল উৎপাদন ও বিপণনের লক্ষ্যে গত ২০১৪ সালে চায়নার বিখ্যাত মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান চংকিং জংশেন গ্রুপ আই/ই করপোরেশনের সাথে সম্পাদিত সমঝোতা স্মারক এবং পরবর্তীতে ডিস্ট্রিবিউশন এন্ড টেকনিক্যাল এসিসটেন্স এগ্রিমেন্টের আওতায় জংশেন-এটলাস ব্র্যান্ডের মোটরসাইকেল সংযোজনপূর্বক বিপণন করে আসছিল। চংকিং জংশেন গ্রুপ আই/ই করপোরেশনের সাথে ২০১৪ সালে চুক্তি সম্পাদনের পর প্রাথমিক এবং ডিলার পর্যায়ে জংশেন ব্র্যান্ডের মোটরসাইকেল বিক্রয়ের সর্বাঙ্গিক প্রচেষ্টা চালানো হয়। প্রাথমিক অবস্থায় কিছু কিছু সরকারি প্রতিষ্ঠান জংশেন ব্র্যান্ডের মোটরসাইকেল সরবরাহ নেয়ার পর সার্বিক পরফরমেন্স সন্তোষজনক না হওয়ায় বেশির ভাগ প্রতিষ্ঠান মোটরসাইকেল সরবরাহ নেয়া বন্ধ করে দেয় এবং ডিলার পর্যায়ে কোন সাড়া না পাওয়ায় প্রতিষ্ঠানটি লোকসানে পড়ে। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটির লোকসানের কথা বিবেচনায় এবং বর্তমান বাজার চাহিদা এবং কর্পোরেট কাষ্টমারদের সন্তোষের কথা বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠানটিকে আরো গতিশীল এবং লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে জংশেন-এটলাস ব্র্যান্ডের মোটরসাইকেলের পাশাপাশি নতুন ব্রাড সংযোজনের নিমিত্ত বাংলাদেশে প্রতিষ্ঠিত বিভিন্ন ব্র্যান্ডের মোটরসাইকেল আমাদানিকারক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হলে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড এটলাস বাংলাদেশ লিমিটেড-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সম্মত হয়। সে প্রেক্ষাপটে মোটরসাইকেলের নতুন ব্রাড হিসেবে গত ২৪-৫-২০১৮ তারিখে এমওইউ এবং পরবর্তীতে ১১-০২-২০১৯ তারিখে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড এর সাথে এটলাস বাংলাদেশ লিমিটেডের ০৫ (পাঁচ) বছর মেয়াদি চুক্তি স্বাক্ষরিত হয়। সে প্রেক্ষিতে কর্পোরেট পার্টনার হিসাবে এটলাস বাংলাদেশ লিমিটেড করপোরেট সেক্টরে টিভিএস ব্র্যান্ডের মোটরসাইকেল বাজারজাত করছে।

সম্মানিত সুধীবৃন্দ,

এখন গত ৩০-০৬-২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসানের হিসাব ও নিরীক্ষা প্রতিবেদনসহ পরিচালকমণ্ডলীর বার্ষিক প্রতিবেদন আপনাদের সম্মুখে উপস্থাপন করছি। কোম্পানির কার্যক্রমের উপর উপস্থিত/সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সূচিন্তিত মতামত ও পরামর্শ প্রত্যাশা করছি, যা আমাদের ইঞ্জিত লক্ষ্য অর্জনে সহায়ক হবে।

শেয়ার মূলধন

কোম্পানির ইস্যুকৃত, গৃহীত ও পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ ৩৩,১২,৭১,০৮০/- (তেরিশ কোটি বার লক্ষ একাত্তর হাজার আশি) টাকা, যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,৩১,২৭,১০৮টি শেয়ারে বিভক্ত। তন্মধ্যে ১৯৯২, ১৯৯৬, ২০০২-২০০৭, ২০০৯-২০১১ ও ২০১৫-২০১৮ অর্থবছরে ঘোষিত ৩২,১২,৭১,০৮০/- (বত্রিশ কোটি বার লক্ষ একাত্তর হাজার আশি) টাকা মূল্যের মোট ৩,২১,২৭,১০৮টি (তিন কোটি একুশ লক্ষ সাতাশ হাজার একশত আট) বোনাস শেয়ার অন্তর্ভুক্ত হয়েছে।



উৎপাদন

গত ২০২০-২০২১ অর্থবছরে কোম্পানির উৎপাদন লক্ষ্যমাত্রা ৪,৬০০টি ধরা হয়েছিল। লক্ষ্যমাত্রার বিপরীতে টিভিএস এবং জংশন ব্র্যান্ডের মোটরসাইকেলসহ মোট ১০৭০টি প্রকৃত উৎপাদন হয়েছে, যা লক্ষ্যমাত্রার ২৩.২৬%। পূর্ববর্তী অর্থবছরে ৪,৬০০টি লক্ষ্যমাত্রার বিপরীতে টিভিএস ও জংশন ব্র্যান্ডের ২৯৫৩টি মোটরসাইকেল প্রকৃত উৎপাদন হয়েছিল যা লক্ষ্যমাত্রার ৬৪.১৯%।

বিক্রয়

বিক্রয় লক্ষ্যমাত্রা ৪,৬০০টি মোটরসাইকেলের বিপরীতে ২০২০-২০২১ অর্থবছরে টিভিএস এবং জংশন ব্র্যান্ডের মোট ৮৬৯টি মোটরসাইকেল প্রকৃত বিক্রয় হয়েছে, যা লক্ষ্যমাত্রার ১৮.৮৯%। পূর্ববর্তী অর্থবছরে ৪,৬০০টি লক্ষ্যমাত্রার বিপরীতে টিভিএস এবং জংশন ব্র্যান্ডের মোট ২৮৪৪টি মোটরসাইকেল প্রকৃত বিক্রয় হয়েছিল যা লক্ষ্যমাত্রার ৬১.৮২%।

লাভ-লোকসান, বিক্রিত পণ্যের খরচ, মোট লাভ/(লোকসান), নিট লাভ/(লোকসান) এর বিশ্লেষণ

২০২০-২০২১ অর্থবছরে করপূর্ব মুনাফার লক্ষ্যমাত্রা ৫৯.২৮ লক্ষ টাকার বিপরীতে প্রতিষ্ঠানের ১০১৭.৮৭ লক্ষ টাকা করপূর্ব লোকসান হয়েছে। পূর্ববর্তী বছরে একই সময়ে করপূর্ব লোকসান ৪২১.৮১ লক্ষ টাকা ছিল। বর্তমান বৎসরে বিক্রিত পণ্যের ব্যয় ১৫৪৫.৪৬ লক্ষ টাকা হয়েছে যার বিপরীতে গত বছর ছিল ৩৪৯৯.৫৫ লক্ষ টাকা। ২০২০-২০২১ অর্থবছরে মোট লোকসান হয়েছে (৫৫৫.১৯) লক্ষ টাকা অর্থাৎ বিক্রয়ের (৫৬.০৬%) যা গত বছর ছিল (৬৪.৪৮) লক্ষ টাকা অর্থাৎ বিক্রয়ের (১.৮৮%)। ২০২০-২০২১ অর্থবছরে নিট মুনাফা/লোকসানের হার হয়েছে (১০৩.২১%) যা গত বছর ছিল (১২.৯৭%)।

অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার কারণে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালনা ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসাবে যানবাহন ক্রয় বন্ধ ছিল। উক্ত নির্দেশনার কারণে ২০২০-২০২১ অর্থবছরে এটলাস বাংলাদেশ লিমিটেডের বিক্রয় কার্যক্রম প্রায় বন্ধ হয়ে যায়। তাই ২০১৯-২০২০ অর্থবছরের তুলনায় ২০২০-২০২১ অর্থবছরে এবিএল-এর লোকসানের পরিমাণ বৃদ্ধি পেয়েছে, চলতি অর্থবছরে প্রতিষ্ঠানটি লোকসান কাটিয়ে উঠবে বলে আশা করা যাচ্ছে।

আর্থিক ফলাফল :

বিবরণ	২০২০-২০২১	২০১৯-২০২০
মোট বিক্রয়	৯৯০.২৭	৩৪৩৫.০৬
বিক্রিত পণ্যের মূল্য	(১৫৪৫.৪৬)	(৩৪৯৯.৫৫)
মোট লাভ/(লোকসান)	(৫৫৫.১৯)	(৬৪.৪৮)
পরিচালনা ব্যয়	(৬২৬.৭৯)	(৬৪৪.১২)
আর্থিক ব্যয়	(১০.৮৫)	(৩.৭৪)
অন্যান্য আয়	১৭৪.৯৫	২৯০.৫৩
কর পূর্ববর্তী মুনাফা/(লোকসান)	(১০১৭.৮৭)	(৪২১.৮১)
আয়কর	(৪.২১)	(২৩.৮১)
কর পরবর্তী মুনাফা/(লোকসান)	(১০২২.০৮)	(৪৪৫.৬২)
শেয়ার প্রতি লোকসান	(৩.০৯)	(১.৩৫)
শেয়ার প্রতি (এনওসিএফপিএস)	(৩.২৪)	(১.৪৪)
শেয়ার প্রতি নিট সম্পদ	১২৮	১৩১

লাভ-লোকসান বন্টনের হিসাব

বিবরণ	৩০-০৬-২০২১ (লক্ষ টাকায়)		৩০-০৬-২০২০ (লক্ষ টাকায়)	
প্রারম্ভিক জের	২০৩২.৮১		২৬৩৪.৭৫	
পূর্ববর্তী বছরের সমন্বয়	-	-	-	-
		২০৩২.৮১		২৬৩৪.৭৫
বৃদ্ধি প্রাপ্ত সম্পদের অবচয়		৪.১২		৯.৩২
করপূর্ব মুনাফা/(লোকসান)		(১০১৭.৮৭)		(৪২১.৮১)
কর প্রদানের জন্য বরাদ্দ		(৬.৯৯)		(২২.৩৫)
বিলম্বিত কর		-		(১.৪৬)
বন্টনযোগ্য মুনাফা		১০১৪.৮৫		২১৯৮.৪৫
নগদ লভ্যাংশ (২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯)		(১৬৫.৬৩)		(১৬৫.৬৪)
স্থিতিপত্রে স্থানান্তর (Retained Earnings as at 30 June 2021)		<u>৮৪৯.২১</u>		<u>২০৩২.৮১</u>



সংশ্লিষ্ট পার্টির লেনদেন :

সংশ্লিষ্ট পার্টির লেনদেন সংক্রান্ত তথ্যাদির বিবরণ আর্থিক বিবরণীর নোট নম্বর ৩২.০০ এ দেয়া হয়েছে।

গণ প্রস্তাবের মাধ্যমে সংগৃহীত অর্থের ব্যবহার :

সংশ্লিষ্ট বছরে গণ প্রস্তাবের মাধ্যমে কোন অর্থ সংগ্রহ করে নাই।

ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক বিবরণীর মধ্যে তারতম্য :

যতটুকু তারতম্য ঘটেছে তা করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাবের ফলে ঘটেছে।

পরিচালক ও স্বতন্ত্র পরিচালকদের সম্মানি :

২০২০-২০২১ অর্থবছরে স্বতন্ত্র পরিচালকসহ পরিচালকবৃন্দের পরিচালনা পর্ষদ সভা, অডিট কমিটি সভা এবং এনআরসি কমিটির সভার সম্মানি বাবদ ভ্যাট ও আয়করসহ সর্বমোট ১০,৮৭,৭৫৮.০০ (দশ লক্ষ সাতাশি হাজার সাতশত আটান্ন) টাকা প্রদান করা হয়েছে। বিগত ২০১৯-২০২০ অর্থবছরে পরিচালকবৃন্দের সম্মানি বাবদ ভ্যাট ও আয়করসহ সর্বমোট ৮,০৬,৬৫২.০০ (আট লক্ষ ছয় হাজার ছয়শত বায়ান্ন) টাকা পরিশোধ করা হয়েছিল।

আর্থিক বিবরণীর ন্যায্য পরায়ণতা :

হিসাব বিবরণী এবং হিসাব বিবরণীর নোট বাংলাদেশে প্রচলিত সংশ্লিষ্ট আইনসমূহের বিধান প্রতিপালন করে তৈরী করা হয়েছে। এই বিবরণীগুলো সঠিকভাবে কোম্পানির কার্যাবলী, কার্যক্রমের ফলাফল, নগদ প্রবাহ এবং মূলধনের পরিবর্তন প্রকাশ করেছে।

আর্থিক হিসাবের প্রয়োজনীয় দলিলাদী :

কোম্পানীর আর্থিক হিসাবের প্রয়োজনীয় দলিলাদী সঠিকভাবে সংরক্ষণ করা হয়েছে।

হিসাব বিজ্ঞানের উপযুক্ত নীতিমালা ও আয় ব্যয়ের অনুসরণ :

হিসাব বিজ্ঞানের উপযুক্ত নীতিমালা ধারাবাহিকভাবে হিসাব বিবরণী প্রস্তুতে অনুসরণ করা হয়েছে এবং হিসাব বিজ্ঞানের আয় ব্যয়সমূহ যুক্তিসংগত ও বিচক্ষণতার সাথে যাচাই করা হয়েছে।

সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষা :

পরিচালনা পর্ষদ সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষায় সচেতন আছেন।

IAS/IFRS এর প্রয়োগ :

আর্থিক বিবরণী প্রস্তুতে উপযুক্ত নীতিমালাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হয়েছে এবং যদি কোন ধরনের বিচ্যুতি হয়ে থাকে সেটাও প্রকাশ করা হয়েছে।

চলমান প্রতিষ্ঠান :

ভবিষ্যতের উপর প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে পরিচালকবৃন্দ মনে করেন যে, নিকট ভবিষ্যতের ব্যবসা চলমান রাখার জন্য কোম্পানির যথাযথ পরিসম্পদ রয়েছে। এ ব্যাপারে বিস্তারিত ব্যাখ্যা আর্থিক বিবরণীর নোট নং-২(এ) (ii)-এ দেয়া হয়েছে।

বিগত বৎসরের পরিচালন ফলাফলের সাথে তারতম্য :

বিগত বৎসরের পরিচালন ফলাফলের সাথে কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ও সরকারের কৃচ্ছ সাধন নীতির আলোকে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসাবে যানবাহন ক্রয় বন্ধ থাকায় সরকারি সেক্টরে মোটরসাইকেল বিক্রয় একেবারেই বন্ধ হয়ে যাওয়ার কারণে তারতম্য ঘটেছে।

মূল চালিকা এবং অর্থনৈতিক তথ্য :

একটি পাঁচ বৎসরের সংক্ষেপকৃত মূল চালিকা এবং অর্থনৈতিক তথ্য আর্থিক বিবরণীর সংযোজনী -৫ এ দেয়া আছে।

নিয়োগ, পদোন্নতি, বদলি এবং পারিশ্রমিক নির্ধারণ এর নীতিমালা :

এটলাস বাংলাদেশ লিমিটেড শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশনের নিয়ন্ত্রণাধীন ঢাকা ষ্টক এক্সচেঞ্জ এর তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকদের নিয়োগ, পদোন্নতি, বদলি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশনের নিয়োগ বিধি-১৯৮৫ এবং বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৯- অনুযায়ী পরিচালিত হয়ে থাকে। সকল কর্মকর্তা, কর্মচারীদের বেতন ভাতাদি সরকার ঘোষিত জাতীয় বেতনস্কেল -২০১৫ অনুযায়ী এবং শ্রমিকদের মজুরী ও ভাতাদি সরকার ঘোষিত জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫ অনুযায়ী পরিশোধ করা হয়।

লভ্যাংশ ঘোষণা :

২০২০-২০২১ অর্থবছরে কোম্পানি ১০২২.০৮ লক্ষ টাকা করোন্ডর নিট লোকসান করেছে। গত বছর করোন্ডর নিট লোকসান ছিল ৪৪৫.৬২ লক্ষ টাকা এবং পুঞ্জীভূত মুনাফা ২০৩২.৮১ লক্ষ টাকা হতে পরিশোধিত মূলধনের উপর ৫% নগদ লভ্যাংশ প্রদান করা হয়েছিল। সম্মানিত শেয়ারহোল্ডারদের বিনিয়োগ ও কোম্পানির বর্তমান ব্যবসায়িক সংকটসহ সার্বিক অবস্থা বিবেচনা করে ২০২০-২০২১ অর্থবছরে ১০২২.০৮ লক্ষ টাকা নিট লোকসানের বিপরীতে কোম্পানির পরিচালক পর্ষদ কোন প্রকার লভ্যাংশ প্রদান না করার প্রস্তাব করেন। লভ্যাংশ প্রদান না করার প্রস্তাব পরিচালক পর্ষদের অদ্যকার বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হল।

জাতীয় রাজস্ব তহবিলে জমা :

২০২০-২০২১ অর্থবছরে এটলাস বাংলাদেশ লিমিটেড কর্তৃক জাতীয় রাজস্ব তহবিলে ২২৮.৯৭ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরে উক্ত খাতে এরূপ জমার পরিমাণ ৬৯৭.৪৮ লক্ষ টাকা ছিল, যার বিবরণ নিম্নরূপঃ-

বিবরণ	২০২০-২০২১ (লক্ষ টাকায়)	২০১৯-২০২০ (লক্ষ টাকায়)
ক. ভ্যাট	২০৫.৩০	৫২৭.৯৭
খ. আয়কর	২৩.৬৭	১৬৯.৫১
সর্বমোট	২২৮.৯৭	৬৯৭.৪৮



করপোরেট সামাজিক দায়িত্ব :

পূর্ববর্তী বছরের ন্যায় এ অর্থবছরেও এবিএল কর্তৃক পরিবেশ রক্ষা ও সমাজের প্রতি দায়িত্বশীল অবদান রাখা হয়েছে। প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের ছেলে-মেয়েদের ২০২০-২০২১ অর্থবছরে ১০৩ জনকে মেধাবৃত্তি প্রদান করা হচ্ছে। কর্মক্ষেত্রে পরিবেশবান্ধব রাখা এবং কর্মরতদের সুস্বাস্থ্যের জন্য শ্রমিক/কর্মচারীদের ঝুঁকি ভাতা এবং কিছু সংখ্যক শ্রমিক ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত থাকায় তাদের স্বাস্থ্য হানি যাতে না ঘটে সেজন্য পুষ্টিকর খাদ্য প্রদানসহ ধর্মীয় কাজে সহায়তা প্রদান করা হয়েছে।

মানবসম্পদ উন্নয়ন :

অনুমোদিত মানবসম্পদ সাংগঠনিক কাঠামো (সেট-আপ) অনুযায়ী কোম্পানিতে কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকের মোটসংখ্যা ২৮৩ জন। ৩০ জুন ২০২১ তারিখে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকের সংখ্যা ১৫২ জন ছিল। প্রতিষ্ঠানের মানবসম্পদ উন্নয়ন কর্মসূচীর অংশ হিসেবে প্রতিটি স্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদেরকে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং ব্যক্তিগত সুরক্ষাসরঞ্জামাদি ব্যবহারের উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

তাছাড়া, ২০২১ সালে এটলাস বাংলাদেশ লিমিটেডে ০৫ জন কর্মচারীকে এবং ১নং গ্রেড হতে ৮ম গ্রেডের ১৪ জন শ্রমিক-কে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়া পদোন্নতি ব্যতিরেকে একই পদে দশ বছর পূর্তি হওয়ায় ০৭ জন কর্মচারীকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম অধিদপ্তরীয় শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর কর্তৃক আয়োজিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদি “শিল্প সম্পর্ক বিষয়ক” প্রশিক্ষণ কোর্সে ০৯ (নয়) জন-কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং পর্যায়ক্রমে আরো কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করা হবে। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্তৃক আয়োজিত অডিট ও অফিস ব্যবস্থাপনা বিষয়ক ইন হাউজ প্রশিক্ষণে ৩ (তিন) জন এপিএ ও আইএপি প্রনয়ন সংক্রান্ত বিষয়ে ০৩ (তিন) জন অডিট বিষয়ক প্রশিক্ষণ কোর্স এবং উপপাদনশীলতা ও MFCA বিষয়ক কোর্সে ব্যবস্থাপনা পরিচালক সহ ০৩ (তিন) জন উচ্চতর কর্মকর্তা অংশগ্রহণ করেন। এছাড়া ভ্যাটের উপর ০২ (দুই) জনসহ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এ উচ্চতর প্রশিক্ষণ কোর্সে শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত এ সকল কর্মকর্তা-কর্মচারী-শ্রমিক পেশাগত উন্নয়নের মাধ্যমে কোম্পানির প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও ঝুঁকি ব্যবস্থাপনা :

এটলাস বাংলাদেশ লিমিটেডের ঝুঁকি নির্ধারণ, ঝুঁকি মূল্যায়ন, ঝুঁকি ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার জন্য একটি অভ্যন্তরীণ নিরীক্ষা সার্বক্ষণিক/বাৎসরিক নিরীক্ষা এবং মনিটরিং কার্যক্রম পরিচালনা করে নিয়মিত পরিচালনা পর্ষদ-কে অবহিত করে। অন্যদিকে এবিএল সরকারি প্রতিষ্ঠান হওয়ায় শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক প্রত্যেক অর্থবছরে নিরীক্ষা এবং বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালনা করে থাকে এবং তাদের উত্থাপিত আপত্তিসমূহ এবিএল-এর পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এবং শিল্প মন্ত্রণালয়-কে অবহিত করা হয়।

পরিচালক নির্বাচন :

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের ১০৫ ধারা মোতাবেক ৯ (নয়)জন পরিচালক দ্বারা কোম্পানির সামগ্রিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। আর্টিকেলস অব এসোসিয়েশনের ১১৯ নং ধারা অনুযায়ী ৯ (নয়)জন পরিচালকের মধ্যে তিনজন অর্থাৎ গ্রুপ ‘এ’ হতে দু’জন যথাক্রমে পরিচালক জনাব আনোয়ার হোসেন ও জনাব আখতার হোসেন ৩৭তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন। তবে অবসর গ্রহণকারী পরিচালকবৃন্দ পুনর্নির্বাচন/মনোনয়নের যোগ্যতা রাখেন। গ্রুপ-বি শেয়ারহোল্ডারদের মধ্যে পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% শেয়ার না থাকায় বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ২১ মে, ২০১৯ তারিখে নোটিফিকেশন অনুযায়ী প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডার পরিচালক পদে সাময়িক শূন্যতার সৃষ্টি হয়েছে।

স্বতন্ত্র পরিচালক :

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নীতিমালা অনুসারে ৪২৯তম পরিচালনা পর্ষদ সভায় জনাব আবুল কাসেম, প্রাক্তন অতিরিক্ত সচিব এবং কাজী মোঃ আনোয়ারুল হাকিম, প্রাক্তন যুগ্ম সচিব-কে স্বতন্ত্র পরিচালক হিসেবে ০৫-৪-২০২১ তারিখে নিয়োগ দেয়া হয়েছে। উক্ত নিয়োগের বিষয়টি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন হতে অনুমোদন পাওয়া গিয়েছে। তদপ্রেক্ষিতে পরিচালনা পর্ষদ কর্তৃক স্বতন্ত্র পরিচালক নিয়োগের অনুমোদনের বিষয়টি অত্র বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হল।

নিরীক্ষক নিয়োগ :

কোম্পানির নিরীক্ষক কাজী জহির খান অ্যান্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস বিগত ২০২০-২০২১ অর্থবছরের এটলাস বাংলাদেশ লিঃ-এর নিরীক্ষা কার্য সম্পাদন করেছে। বিগত বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ নিয়মনীতি অনসূরণপূর্বক কাজী জহির খান অ্যান্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টসকে ২০২০-২০২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক নিয়োগ করেন। বিগত বছর তাদের পারফরমেন্স সন্তোষজনক হওয়ায় কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক তাদেরকে পুনরায় নিয়োগের জন্য সুপারিশ করা হয়। পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত কাজী জহির খান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টসকে ২০২১-২০২২ অর্থবছরের জন্য বহিঃনিরীক্ষক নিয়োগের বিষয়টি অদ্য বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হল।

কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ :

কোম্পানির কমপ্লায়েন্স নিরীক্ষক ইসলাম কাজী শফিক এ্যান্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস বিগত ২০২০-২০২১ অর্থবছরে এটলাস বাংলাদেশ লিমিটেডের করপোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স নিরীক্ষা কার্য সম্পাদন করেছে। বিগত তিন বছর তাদের পারফরমেন্স সন্তোষজনক ছিল। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নীতিমালা অনুযায়ী একই নিরীক্ষা প্রতিষ্ঠান পর পর তিন বছরের অতিরিক্ত নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করতে পারবে না। এ প্রেক্ষিতে পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়ম নীতি অনুসরণ করে ২০২১-২০২২ অর্থবছরের জন্য মিজান ইসলাম এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস-কে কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হয়। কোম্পানি পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত মিজান ইসলাম এন্ড কোং,



চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস-কে ২০২১-২০২২ অর্থবছরের জন্য কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগের বিষয়টি অদ্য বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হল।

কর্পোরেট গভর্নেন্স :

বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশনের অধিন এটলাস বাংলাদেশ লিমিটেড অফলোডেড প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত কর্পোরেট গভর্নেন্স কোড বাস্তবায়ন করা হয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের গত ০৩ জুন, ২০১৮ তারিখের গেজেট নং -বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ মোতাবেক আরোপিত শর্তাদি প্রতিপালন সংক্রান্ত কমপ্লায়েন্স সার্টিফিকেট এবং এনেঞ্জার সংযুক্ত পরিশিষ্টে বর্ণনা করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা :

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ কাটিয়ে উঠে প্রতিষ্ঠানটি লাভজনক পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য জাপান, ভারত ও ইউরোপের বিভিন্ন স্থানামধ্যন্য মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগপূর্বক যৌথ উদ্যোগে মোটরসাইকেল উৎপাদনের লক্ষ্যে ব্রান্ড সার্চ করা হচ্ছে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, বর্তমানে এবিএল-কে লোকসানের হাত থেকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

- ১। সরকারি অর্থায়নে এবিএল-এ গুণগত মানসম্পন্ন টেকসই সিলিং ফ্যান উৎপাদন করার জন্য পরিচালনা পর্ষদে নীতিগত অনুমোদন নিয়ে প্রাক-সম্ভাব্যতা যাচাইয়ের পর অত্র প্রতিষ্ঠানে বছরে ০২ (দুই) লক্ষ পিছ বিদ্যুৎ সাশ্রয়ী টেকসই সিলিং ফ্যান উৎপাদনের লক্ষ্যে “বিদ্যুৎ সাশ্রয়ী টেকসই সিলিং ফ্যান প্ল্যান্ট স্থাপন ও ফ্যান উৎপাদন” শীর্ষক প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রকল্পটি শিল্প মন্ত্রণালয়ে অনুমোদন হয়ে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ০১-০৮-২০১৯ তারিখে প্রকল্পটির উপর পরিকল্পনা কমিশনের এক সভা অনুষ্ঠিত হয়। পিইসি কর্তৃক কিছু সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয় যা বাস্তবায়ন পূর্বক প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। সে প্রেক্ষিতে বিগত ০৬-১১-২০১৯ তারিখে নকশা অনুমোদনের জন্য রাজউক বরাবর আবেদন করা হয়। অতঃপর ২৫-১০-১০২০ তারিখে রাজউক হতে নকশা অনুমোদনের ছাড়পত্র পাওয়া যায়। ১৮-০৩-২০২১ তারিখে রাজউকের চাহিদার প্রেক্ষিতে বিশেষ প্রকল্প ছাড়পত্রের জন্য রাজউক বরাবর আবেদন করা হয় এবং ১৩-১০-২০২১ তারিখে রাজউকের বিশেষ প্রকল্প ছাড়পত্র কমিটির বৈঠকে বিশেষ প্রকল্পের এনওসি অনুমোদন হয়। এমতাবস্থায়, আশা করা যায় আগামী দুই মাসের মধ্যে রাজউক হতে প্রকল্পের মূল নকশার অনুমোদন পাওয়া যাবে। ইতোমধ্যে প্রকল্পটির চূড়ান্ত ডিপিপি প্রস্তুতপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিএসইসিতে প্রেরণ করা হয়েছে।
- ২। এবিএল এর নিজস্ব ভূমিতে ১০০ টিপিডি উৎপাদন ক্ষমতার অক্সিজেন প্লান্ট স্থাপন প্রকল্প গ্রহণ করার উদ্দেশ্যে প্রাক সম্ভাব্যতা সমীক্ষা যাচাই কাজ চলমান রয়েছে।
- ৩। মোটরসাইকেল ম্যানুফ্যাকচারিং প্রজেক্ট ইন এবিএল শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা (পিএফএস)’র উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- ৪। প্রতিষ্ঠানের ওভারহেড ব্যয় কমানোর উদ্যোগ নেয়া হয়েছে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এটলাস বাংলাদেশ লিমিটেড ১৯৮৮-৮৯ অর্থ বছর হতে পূঁজিবাজারে তালিকাভুক্ত হওয়ার পর থেকে প্রতিবছরই আপনাদেরকে স্টক ও নগদ লভ্যাংশ প্রদান করে আসছে। কিন্তু কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২০২০-২০২১ অর্থ বছরে লোকসানের পরিমাণ অনেক বৃদ্ধি পাওয়ায় এ অর্থ বছরেই প্রথম আপনাদেরকে লভ্যাংশ প্রদান করা সম্ভব হয়নি। আশা করা যাচ্ছে আমরা যে সকল ভবিষ্যৎ পরিকল্পনা হাতে নিয়েছি তার ফলে অচিরেই প্রতিষ্ঠানটি লাভজনক হবে এবং আপনাদেরকে আগামীতে সন্তোষজনক লভ্যাংশ প্রদান করা সম্ভব হবে। উৎপাদনহীন অবস্থান থেকে ব্যবসায়িকভাবে পুনঃপ্রতিষ্ঠিত হওয়ার পথে এবিএল নিরলস প্রচেষ্টা চালাচ্ছে। এক্ষেত্রে পরিচালনা পর্ষদের সম্মানিত সকল সদস্য, কোম্পানির শ্রমিক-কর্মচারী-কর্মকর্তা এবং সম্মানিত ডিলারবৃন্দের আন্তরিক প্রচেষ্টা আমি কৃতজ্ঞ চিত্তে স্মরণ করতে চাই। সাথে সাথে বিদ্যমান সংকটকে উত্তরণের মাধ্যমে অভিস্ট লক্ষ্যে পৌঁছতে কোম্পানির সকল সম্মানিত শেয়ারহোল্ডার এবং ডিলারের আন্তরিক সহযোগিতা কামনা করছি। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত/সংযুক্ত হয়ে ধৈর্য সহকারে আমার বক্তব্য শোনার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এখন আমি এবিএল’র ২০২০-২০২১ অর্থবছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালনা পর্ষদের বার্ষিক প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

পরম করণীয় আল্লাহ সোবহানাতায়ালা আমাদের সকলের সহায় হোন।

পরিচালক পর্ষদের পক্ষে,

(মোঃ শহীদুল হক ভূঁঞা, এনডিসি)

চেয়ারম্যান, বিএসইসি ও

এটলাস বাংলাদেশ লিমিটেড পরিচালনা পর্ষদ

তারিখ : ২৩ ডিসেম্বর, ২০২১



এটলাস বাংলাদেশ লিমিটেড ATLAS BANGLADESH LIMITED



The honorable minister and state minister, Ministry of Industries inaugurated the new assembly line of Atlas Bangladesh Limited.



The honorable secretary, Ministry of Industries visited the factory of Atlas Bangladesh Limited.



এটলাস বাংলাদেশ লিমিটেড ATLAS BANGLADESH LIMITED



The honorable Chairman visited the factory of Atlas Bangladesh Limited.



Board members of Atlas Bangladesh Limited.



The following Motorcycles are being marketed by the Atlas Bangladesh Ltd.



TVS MAX 125
(Self & Alloy)
125 CC

ZS 125-68
(Self & Disc)
125 CC

Displacement : 124.9 cc
Max Power : 8.0 KW at 8500 rpm
Ignition : Digital CDI



Engine Type : Air Cooled, Single Cylinder OHC
Displacement : 124.50 cc
Max Power : 8.10 BHP at 8000 rpm
Max Torque : 10.8 NM at 5500 rpm
Ignition : Capacitor Discharge Ignition (CDI)



ZS VITA
(Self & Disc)
110 CC

ZS 80
(Self & Alloy)
80 CC

Engine Type : Single Cylinder, 4-Stroke, Air Cooled
Displacement : 78 cc
Max Power : 4.5 KW at 7500 rpm
Max Torque : 5.8 Nm at 5500 rpm
Ignition : Capacitor Discharge Ignition (CDI)



Displacement : 109.2 cc
Max Power : 6.2 KW at 7500 rpm
Clutch Type : Automatic Wet Multi Plate




Z-ONE T
(Self & Disc)
150 CC

Z ONE
(Self & Disc)
150 CC


Engine Type : Air Cooled, Single Cylinder OHC
Displacement : 149.5 cc
Max Power : 9.0 KW at 8500 rpm
Max Torque : 12 KW at 5500 rpm
Max Speed : 120 km/h
Ignition : Digital CDI



Engine Type : Air Cooled, Single Cylinder OHC
Displacement : 149.5 cc
Max Power : 10.0 KW at 8500 rpm
Max Torque : 12.5 KW at 5500 rpm
Max Speed : 120 km/h
Ignition : Digital CDI



Graphical representation of production & sale of Motorcycle during 2015-16 to 2020-21



Graphical Representation of contribution to National Exchequer and Pre-tax profit for 2015-16 to 2020-21



ISLAM QUAZI St4AFtQUE & CO.

5hamrsdAstaelnaats

AL-HAJ SHAMSUDDIN MANSION

4 h Floor, Room # C

17, New Eskaton Road

Mogbazar, Dhaka-1000.

Phone: 02-48312349 Mobile: 01707-870798.

Website: www.qsibd.com

E-mail: qsi.esk@gmail.com

PARTNERS:

Quazi Shafiqul Islam FCA, FCS

Biplab Hossain FCA Abu Nasser FCA

Md. Abdur Rahman FCA, ACS, LL.B

**Report to the Sbqrebotders of Atlas Bsqq\adesb kizaited
Cozapliqace on tbe Corporate Goveraqnce Code**

